দৈনিক ইত্তেফাক

তারিখ 17 MAY 1993 পৃষ্ঠা ৯ কলাম ৭

০৬

## বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

## শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ১৯৯৩

## জ্ঞাতব্য বিষয়

* শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু তথ্য ব্যবস্থাপনা ও সেই অনুযায়ী বাস্তব পরিকল্পনা গ্রহণ এ জরিপের উদ্দেশ্য।
* বাংলাদেশের সকল বেসরকারী নিম্ন মাধ্যমিক স্কুল, মাধ্যমিক স্কুল, দাখিল/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসা, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজ এই জরিপের আওতাভুক্ত। জরিপে এ ধরনের কোন প্রতিষ্ঠানই যেন বাদ না পড়ে।
* গণনাকারী সুপারভাইজারগণের পরিচয় জেনে নিবেন।
* জরিপ চলাকালে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে শিক্ষার্থী ও কর্মরত সকল শিক্ষক শিক্ষিকা ও কর্মচারীকে প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে।
* প্রতিষ্ঠান ভবনের কমপক্ষে ৩.৫"× ৫" সাইজের এক বা একাধিক সত্যায়িত ছবি, প্রতিষ্ঠানের স্বীকৃতি/অনুমতি সংক্রান্ত কাগজপত্র, শিক্ষক ও কর্মচারীদের পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, সনদপত্রের মূল/প্রভিশনাল কপি ইত্যাদি সংশ্লিষ্ট গণনাকারীকে দেখাতে হবে এবং প্রয়োজনীয় সত্যায়িত কপি সংশ্লিষ্ট ফর্মের সংগে সংযোজিত করতে হবে।
* তথ্য গ্রহণকালে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদেরকে কোনরূপ ফি বা চাঁদা দেয়া নিষিদ্ধ।
* জরিপকালে যে কোন প্রকার অনিয়ম ও বেআইনী কার্যক্রম দৃষ্টিগোচর হলে তাৎক্ষণিকভাবে তা স্থানীয় প্রশাসনের গোচরীভূত করতে হবে।
* মনে রাখবেন ভুল বা অতিরঞ্জিত তথ্য প্রদান করলে সরকারী অনুদানসহ উন্নয়ন কার্যক্রমের জন্য সরকারী অনুদান প্রদান স্বীকৃতি ও নতুনভাবে অনুদান প্রদানও বন্ধ রাখা হবে।
* সুষ্ঠুভাবে এই জরিপ কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করা হচ্ছে।

ডিএফপি –(স) ৮০২৫/১৭-৫
জি-১৭৫৫/৯৩